জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগ
বাংলাদেশ পেট্রোলিয়াম ইন্সটিটিউট
সেক্টর - ৮, প্লট - ৫এ, উত্তরা মডেল টাউন, ঢাকা-১২৩০
bpi.gov.bd

নং-২৮.০৪.০০০০.০০৩.১১.০০১.১৯-৩৭৬

তারিখ: ০৪ জুলাই, ২০২২ / ২০ আষাঢ়, ১৪২৯

# নিয়োগ বিজ্ঞপ্তি

জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগের অধীন বাংলাদেশ পেট্রোলিয়াম ইন্সটিটিউট (বিপিআই) কর্তৃক নিম্নবর্ণিত পদসমূহে (শর্তাদি পূরণ সাপেক্ষে) প্রকৃত বাংলাদেশী নাগরিকদের নিকট হতে দরখাস্ত আহবান করা যাচ্ছে :

| ক্র: নং | পদের নাম ও বেতন স্কেল | বয়স | পদের সংখ্যা | শিক্ষাগত যোগ্যতা ও অভিজ্ঞতা |
|---|---|---|---|---|
| ১। | প্রধান বৈজ্ঞানিক কর্মকর্তা (পিএসও) (গ্রেড-৪) ৫০,০০০-৭১,২০০ (জা:বে: স্কেল ২০১৫ অনুযায়ী) | সর্বোচ্চ ৪৫ বৎসর; তবে উপযুক্ত প্রার্থীর ক্ষেত্রে উক্ত বয়সসীমা ৩ (তিন) বৎসর পর্যন্ত শিথিলযোগ্য। | ১ (একটি) | (ক) কোনো স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে ভূ-তত্ত্ব, ভূ-পদার্থবিদ্যা, পেট্রোলিয়াম, মেকানিক্যাল, কেমিক্যাল, মাইনিং ইঞ্জিনিয়ারিং বা তৎসংশ্লিষ্ট অন্যান্য বিষয়ে পিএইচডি ডিগ্রী অথবা ভূ-তত্ত্ব বা ভূ-পদার্থবিদ্যায় অন্যূন প্রথম শ্রেণি বা সমমানের সিজিপিএ তে স্নাতকোত্তর বা সমমানের ডিগ্রী অথবা অন্যূন দ্বিতীয় শ্রেণি বা সমমানের সিজিপিএ তে স্নাতক (সম্মান) বা সমমানের ডিগ্রীসহ অন্যূন প্রথম শ্রেণি বা সমমানের সিজিপিএতে স্নাতকোত্তর অথবা পেট্রোলিয়াম, মেকানিক্যাল, কেমিক্যাল, মাইনিং ইঞ্জিনিয়ারিং বা তৎসংশ্লিষ্ট অন্যান্য বিষয়ে অনূন্য প্রথম শ্রেণি বা সমমানের সিজিপিএ তে বিএসসি ইঞ্জিনিয়ারিং ডিগ্রী ;<br>(খ) শিক্ষা জীবনের কোনো স্তরে তৃতীয় বিভাগ বা শ্রেণি অথবা সমমানের সিজিপিএ গ্রহণযোগ্য হবে না;<br>(গ) পেট্রোলিয়াম বা খনিজ অনুসন্ধান, উন্নয়ন,গ্যাস ট্রান্সমিশন ও ডিস্ট্রিবিউশন এবং গবেষণা কাজে অন্যূন ১২ (বার) বৎসরের অভিজ্ঞতা; তবে পিএইচডি ডিগ্রীধারীদের ক্ষেত্রে উক্ত অভিজ্ঞতা ৩ (তিন) বৎসর পর্যন্ত শিথিলযোগ্য;<br>(ঘ) পেট্রোলিয়াম বা খনিজ অনুসন্ধান, উন্নয়ন ও অন্যান্য বিষয়ে পরামর্শ প্রদানের সামর্থ্য থাকতে হবে; এবং<br>(ঙ) সংশ্লিষ্ট বিষয়ে আন্তর্জাতিক মানের জার্নালে অন্যূন ২ (দুই) টি স্ট্যান্ডার্ড টেকনিক্যাল অথবা বৈজ্ঞানিক প্রবন্ধ প্রকাশনা থাকতে হবে। |
| ২। | উর্ধ্বতন বৈজ্ঞানিক কর্মকর্তা (এস এস ও) (গ্রেড-৬) ৩৫,৫০০-৬৭,০১০ (জা:বে: স্কেল ২০১৫ অনুযায়ী) | সর্বোচ্চ ৩৫ বৎসর | ১ (একটি) | (ক) কোনো স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে ভূ-তত্ত্ব, ভূ-পদার্থবিদ্যা, পেট্রোলিয়াম, মেকানিক্যাল, কেমিক্যাল, মাইনিং ইঞ্জিনিয়ারিং বা তৎসংশ্লিষ্ট অন্যান্য বিষয়ে পিএইচডি ডিগ্রী অথবা ভূ-তত্ত্ব বা ভূ-পদার্থবিদ্যায় অন্যূন প্রথম শ্রেণি বা সমমানের সিজিপিএতে স্নাতকোত্তর বা সমমানের ডিগ্রীসহ অন্যূন দ্বিতীয় শ্রেণি বা সমমানের সিজিপিএতে স্নাতক (সম্মান) অথবা অনূন্য দ্বিতীয় শ্রেণি বা সমমানের সিজিপিএতে স্নাতকোত্তর বা সমমানের ডিগ্রীসহ অন্যূন প্রথম শ্রেণি বা সমমানের সিজিপিএতে স্নাতক (সম্মান) অথবা পেট্রোলিয়াম, মেকানিক্যাল, কেমিক্যাল, মাইনিং ইঞ্জিনিয়ারিং এ অন্যূন প্রথম শ্রেণি বা সমমানের সিজিপিএতে বিএসসি ইঞ্জিনিয়ারিং ডিগ্রী ;<br>(খ) শিক্ষা জীবনের কোনো স্তরে তৃতীয় বিভাগ বা শ্রেণি অথবা সমমানের সিজিপিএ গ্রহণযোগ্য হবে না; এবং<br>(গ) পেট্রোলিয়াম বা খনিজ অনুসন্ধান, উন্নয়ন, গ্যাস ট্রান্সমিশন ও ডিস্ট্রিবিউশন এবং গবেষণা কাজে ৬ (ছয়) বৎসরের অভিজ্ঞতা; তবে পিএইচডি ডিগ্রীধারীদের ক্ষেত্রে উক্ত অভিজ্ঞতা ৩ (তিন) বৎসর পর্যন্ত শিথিলযোগ্য |
| ৩। | উপ-পরিচালক (গ্রেড-৬) ৩৫,৫০০-৬৭,০১০ (জা:বে: স্কেল ২০১৫ অনুযায়ী) | সর্বোচ্চ ৩৫ বৎসর | ১ (একটি) | (ক) কোনো স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে অন্যূন দ্বিতীয় শ্রেণি বা সমমানের সিজিপিএতে স্নাতক (সম্মান) বা সমমানের ডিগ্রীসহ অন্যূন দ্বিতীয় শ্রেণি বা সমমানের সিজিপিএতে স্নাতকোত্তর বা সমমানের ডিগ্রী অথবা অন্যূন দ্বিতীয় শ্রেণি বা সমমানের সিজিপিএতে বিএসসি ইঞ্জিনিয়ারিং ডিগ্রী অথবা এমবিএ ডিগ্রী;<br>(খ) প্রশাসনিক বিষয়ে অন্যূন ৮ (আট) বছরের অভিজ্ঞতা; এবং<br>(গ) শিক্ষা জীবনের কোন স্তরে তৃতীয় বিভাগ বা শ্রেণি অথবা সমমানের সিজিপিএ গ্রহণযোগ্য হবে না; |

**শর্তাবলিঃ**

১। প্রার্থীকে মহাপরিচালক, বাংলাদেশ পেট্রোলিয়াম ইন্সটিটিউট (বিপিআই), সেক্টর - ৮, প্লট - ৫এ, উত্তরা মডেল টাউন, ঢাকা-১২৩০ বরাবর আবেদন করতে হবে (আবেদনপত্র বিপিআই এর ওয়েবসাইটে www.bpi.gov.bd পাওয়া যাবে) । প্রার্থীকে বাংলাদেশ পেট্রোলিয়াম ইন্সটিটিউট (বিপিআই) এর অনুকূলে ৯০০/= (১নং পদের জন্য) এবং ৭০০/= (২ এবং ৩ নং পদের জন্য) পে অর্ডার করে তার মূলকপি, দুই কপি পাসপোর্ট সাইজের ছবি, শিক্ষাগত যোগ্যতা, অভিজ্ঞতার সনদ ও জাতীয় পরিচয়পত্রের সত্যায়িত কপি আবেদনপত্রের সাথে সংযুক্ত করে ডাকযোগে অথবা সশরীরে বাংলাদেশ পেট্রোলিয়াম ইন্সটিটিউট (বিপিআই), সেক্টর - ৮, প্লট - ৫এ, উত্তরা মডেল টাউন, ঢাকা-১২৩০ এ জমা দিতে হবে।

২। নিয়োগের ক্ষেত্রে সরকারের বিদ্যমান বিধি-বিধান এবং পরর্তীতে এ সংশ্লিষ্ট বিধি-বিধানে কোনো সংশোধন হলে তা অনুসরণ করা হবে।

৩। ৭ জুলাই ২০২২ তারিখ আবেদনকারীর বয়সসীমা গণ্য হবে। বয়সের ক্ষেত্রে কোন এফিডেভিট গ্রহণযোগ্য হবে না।

৪। সরকারি/আধা-সরকারি/ স্বায়ত্বশাসিত সংস্থায় চাকুরীরত প্রার্থীদেরকে অবশ্যই যথাযথ কর্তৃপক্ষের অনুমতিক্রমে আবেদন করতে হবে এবং মৌখিক পরীক্ষার সময় তা প্রদর্শন করতে হবে।

৫। কোটার ক্ষেত্রে সরকারের সকল ও সর্ব শেষ বিধি-বিধান প্রযোজ্য হবে।

৬। প্রার্থী কর্তৃক প্রদত্ত কোনো তথ্য বা দাখিলকৃত কাগজপত্র জাল, মিথ্যা বা ভুয়া প্রমাণিত হলে কিংবা পরীক্ষায় নকল বা অসদুপায় অবলম্বন করলে সংশ্লিষ্ট প্রার্থীর আবেদনের যে কোনো পর্যায়ে বাতিল করা হবে এবং তার বিরুদ্ধে যথাযথ আইনানুগ ব্যবস্থা গ্রহণ করা হবে। ভুল/জাল কাগজপত্র প্রদর্শিত হলে পরীক্ষায় উত্তীর্ণ যে কোনো প্রার্থীর প্রার্থীতা বাতিল করার ক্ষমতা কর্তৃপক্ষ সংরক্ষণ করেন;

৭। লিখিত, ব্যবহারিক ও মৌখিক পরীক্ষার ক্ষেত্রে কোনো টিএ /ডিএ প্রদান করা হবে না।

৮। এই নিয়োগ বিজ্ঞপ্তি সম্পর্কিত যে কোনো সংশোধন, সংযোজন (যদি থাকে) এবং পরীক্ষা সংক্রান্ত যাবতীয় তথ্য www.bpi.gov.bd অথবা বিপিআই.বাংলা ওয়েব সাইটে পাওয়া যাবে (যেকোন প্রয়োজনে যোগাযোগ ০২-৮৯৩২৪৩৮)।

৯। কোনো কারণ দর্শানো ব্যতিরেকে নিয়োগকারী কর্তৃপক্ষ এ নিয়োগ কার্যক্রমের আংশিক/ সম্পূর্ণ পরিবর্তন/ বাতিল/ পদের সংখ্যা হ্রাস/বৃদ্ধির ক্ষমতা সংরক্ষণ করে এবং এক্ষেত্রে নিয়োগকারী কৃর্তপক্ষের সিদ্ধান্তই চূড়ান্ত বলে গণ্য হবে।

১০। নিয়োগের বিষয়ে কোনো প্রকার সুপারিশ বা তদবির প্রার্থীর অযোগ্যতা হিসেবে গণ্য হবে।

১১। লিখিত ও মৌখিক পরীক্ষার নোটিশ প্রার্থীর মোবাইলে SMS এর মাধ্যমে ও BPI এর ওয়েবসাইট-এর মাধ্যমে জানানো হবে।

১২। লিখিত/মৌখিক/ব্যবহারিক পরীক্ষার সময় মোবাইল ফোন বা অন্য কোনো ইলেক্ট্রনিক ডিভাইস বহন করলে তাঁর প্রার্থিতা বাতিল করা হবে।

১৩। কোনো প্রার্থী নিয়োগ লাভের পর তার প্রদত্ত কোনো তথ্য মিথ্যা প্রমাণিত হলে নিয়োগ বাতিলসহ তার বিরুদ্ধে আইনানুগ ব্যবস্থা গ্রহণ করা হবে।

১৪। আবেদনপত্র পূরণ সংক্রান্ত শর্তাবলি:

i. আবেদনপত্র পূরণ ও পরীক্ষার ফি জমাদানের শুয়ুর তারিখ ও সময়: ১৩ জুলাই ২০২২, সকাল ১০.০০ ঘটিকা

ii. আবেদনপত্র পূরণ ও পরীক্ষার ফি জমাদানের শেষ তারিখ: ১১ আগস্ট ২০২২, বিকাল ০৫.০০ ঘটিকা

04/07/2022
( খেনচান )
পরিচালক (প্রশাসন ও প্রশিক্ষণ)
ফোন : ৪১০৯০০৩৫